

# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- প্রথম

বিষয়- বাংলা

## বর্ণনা করা বোঝায় এমন শব্দ

ছেলেটি, আকাশ, ইহা, জল, ফুল তাহারা

১) ওপরের শব্দগুলি থেকে নাম বোঝায় এমন শব্দ ও নামের পরিবর্তে বসে এমন শব্দ চিহ্নিত করো:-

নাম বোঝায় এমন শব্দ= ছেলেটি, আকাশ, ফুল।

নামের পরিবর্তে বসে এমন শব্দ= ইহা, তাহারা।

২) ওপরের শব্দগুলির সাথে নিচের শব্দগুলি মেলাও:-

[নীল, সাহসী, ঠান্ডা, পাঁচটি, চঞ্চল, গোল]

- ছেলেটি সাহসী= সাহসী ছেলেটি (গুণ বর্ণনা করছে)
- আকাশ নীল= নীল আকাশ (রঙ বর্ণনা করছে)
- ইহা গোল= ইহা গোল (আকৃতি বর্ণনা করছে)
- জল ঠান্ডা= ঠান্ডা জল (অবস্থা বর্ণনা করছে)
- ফুল পাঁচটি= পাঁচটি ফুল (সংখ্যা বর্ণনা করছে)
- তাহারা চঞ্চল= তাহারা চঞ্চল (দোষ বর্ণনা করছে)

৩) সাহসী, নীল, গোল, ঠান্ডা, পাঁচটি, চঞ্চল- এই গুলি বর্ণনা করা বোঝায় এমন শব্দ।

❖ [বর্ণনা করা বোঝায় এমন শব্দ সাধারণত নাম বোঝায় এমন শব্দের আগে বসে এবং নামের পরিবর্তে বসে এমন শব্দের পরে বসে।]

৪) বর্ণনা করা বোঝায় এমন শব্দের আর ও কিছু উদাহরণ দেওয়া হল:-

- গুণ বোঝায় এমন শব্দ= ভালো, শান্ত, সুন্দর।
- দোষ বোঝায় এমন শব্দ= খারাপ, দুষ্ট, কুৎসিত।
- সংখ্যা বোঝায় এমন শব্দ= তিনটি, দশটি, আটটি।
- রঙ বোঝায় এমন শব্দ= লাল, হলুদ, সবুজ।
- অবস্থা বোঝায় এমন শব্দ= গরম, নতুন, পুরোনো।
- আকৃতি বোঝায় এমন শব্দ= মোটা, রোগা, লম্বা, বেঁটে।

৫) যে শব্দ গুলি নাম বোঝায় এমন শব্দ ও নামের পরিবর্তে বসে এমন শব্দের দোষ, গুণ, সংখ্যা, রঙ, আকৃতি, অবস্থা, বর্ণনা করে তাকে বর্ণনা করা বোঝায় এমন শব্দ বলে।

৬) তার দুটি গাড়ি আছে। - বাক্যটিতে বর্ণনা করা বোঝায় এমন শব্দ হল দুটি কারণ 'দুটি' শব্দটি গাড়ির সংখ্যা বর্ণনা করছে।

**বাড়ির কাজ:-**

১) শূন্যস্থানে বর্ণনা করা বোঝায় এমন শব্দ বসাতো:-

ক) গরমকালে \_\_\_\_\_ সরবত খেতে ভালো লাগে।

খ) গোলাপ ফুলটি \_\_\_\_\_।

২) বর্ণনা করা বোঝায় এমন শব্দের নিচে দাগ দাও:-

ক) শহরে বড়ো বাড়ি দেখা যায়।

খ) তার ভাই দুষ্ট।

---

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।

SRF